



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৭৩০০.০১৭.২৭.০০১.১৬-২৫৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার বোতলাগাড়া ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আব্দুল মোতালেব এর বিরুদ্ধে খাদ্যবান্ধব কর্মসূচির কার্ডধারীর কার্ড ও চাল আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, নীলফামারী বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার বোতলাগাড়া ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আব্দুল মোতালেব এর বিরুদ্ধে খাদ্যবান্ধব কর্মসূচির কার্ডধারীর কার্ড ও চাল আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার বোতলাগাড়া ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আব্দুল মোতালেব সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

Abul Jabbar ৭/৩/২১

(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up11gd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৩০০.০১৭.২৭.০০১.১৬-২৫৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আব্দুল মোতালেব, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), বোতলাগাড়া ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Abul Jabbar ৭/৩/২১

(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব